বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩- ৩৬৪ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪

## পরিপত্র-৫

**বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনের নির্বাচন উপলক্ষ্যে 'নির্বাচন-পূর্ব অনিয়ম' প্রতিরোধ ও নিয়ন্ত্রণকল্পে গঠিত নির্বাচনি অনুসন্ধান কমিটির (Electoral Enquiry Committee) কর্মকর্তার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা।**

বাংলাদেশ নির্বাচন কমিশন ইতোমধ্যে, The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 91A এর Clause (1) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনের নির্বাচনি এলাকার জন্য ০১ (এক) জন যুগ্ম জেলা জজ এর সমন্বয়ে ১(এক) টি নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee) গঠন করেছেন।

০২। নির্বাচনি অনুসন্ধান কমিটি নিম্নবর্ণিত **নির্বাচন-পূর্ব অনিয়ম** সংক্রান্তে অনুসন্ধান করে তৎসংক্রান্তে কমিশনের করণীয় বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব বা সুপারিশসহ অনুসন্ধানের ০৩(তিন) দিনের মধ্যে মাননীয় নির্বাচন কমিশনে প্রতিবেদন প্রেরণ করবেনঃ

ক) নির্বাচনি অপরাধ (The Representation of the People Order, 1972 এর article 73-article 86);
খ) সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর লঙ্ঘনজনিত বিষয় বা ঘটনাসমূহ ও
গ) কোন ব্যক্তি কর্তৃক কৃত কোন কার্য বা বিচ্যুতির ফলে ভীতি, বাধা, দমন বা মিথ্যা তথ্য প্রকাশ করে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি বা পরিচালনায় বাধাগ্রস্ত বা ব্যাহত করে এমন ঘটনাসমূহ।

৩। । উক্ত নির্বাচনি অনুসন্ধান কমিটি তৎকর্তৃক প্রাপ্ত তথ্য বা তার নিকট দাখিলকৃত অভিযোগের ভিত্তিতে বা স্বীয় উদ্যোগে বর্ণিত 'নির্বাচন- পূর্ব অনিয়ম' সংক্রান্ত বিষয়সমূহ বা ঘটনাসমূহ অনুসন্ধান করতে পারবেন। এমনকি উক্ত ' নির্বাচন-পূর্ব অনিয়ম' সংক্রান্ত অভিযোগ ও ঘটনা নির্বাচন কমিশন/ রিটার্নিং অফিসার/ সহকারি রিটার্নিং অফিসার/ নির্বাচনি দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক কমিটির নিকট প্রেরিত হলে উক্ত কমিটি তা অনুসন্ধানপূর্বক প্রতিবেদন কমিশনের নিকট প্রেরণ করবেন। অনুসন্ধান কমিটি কোন ব্যক্তিকে তাঁর সম্মুখে হাজির হতে ও শপথপূর্বক সাক্ষ্য প্রদানে এবং কমিটির নিকট প্রয়োজনীয় দলিল বা বস্তু দাখিল করতে Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর অধীন দেওয়ানী আদালতের ন্যায় একই ক্ষমতাবান হবেন। বর্ণিত কমিটির কার্যক্রম Penal Code, 1860 (Act XLV of 1860) এর ১৯৩ ও ২২৮ ধারায় বর্ণিত বিচারিক কার্যক্রম হিসেবে গণ্য হবে।

৪। বর্ণিত নির্বাচনি অনুসন্ধান কমিটি কর্তৃক দায়িত্ব পালনকালে উপরিউক্ত নির্বাচন-পূর্ব অনিয়ম সংঘটিত হলে তা অনুসন্ধানপূর্বক তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশনকে অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার উক্ত অনুসন্ধান প্রতিবেদন সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করবেন এবং অতিসত্ত্বর উক্ত প্রতিবেদন পিডিএফ ফরমেটে অত্র সচিবালয়ের আইন অনুবিভাগের উপসচিব (লিগ্যাল এফিয়ার্স) (ds_law) ও সিনিয়র/সহকারী সচিব (আইন বিষয়ক-১) (sas_ la1) এর ইন্টারনাল একাউন্টে প্রেরণ করবেন।

৫। নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তা কর্তৃক দায়িত্ব পালন সংক্রান্ত জ্বালানী ও আপ্যায়ন ব্যয়সহ বিভিন্ন ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে।

৬। অনুসন্ধান কার্য পরিচালনার ব্যাপারে নির্বাচনি অনুসন্ধান কমিটির চাহিদা অনুসারে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক, পুলিশ সুপার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন কর্মকর্তা ও উপজেলা নির্বাচন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তাকে তাঁর দায়িত্ব পালন সংক্রান্ত আইন ও বিধি সম্পর্কে স্পষ্ট ধারণা অর্জনের নিমিত্ত জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েল প্রেরণ করা হবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

০৪.০২.২০২৪

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_la@ecs.gov.bd

জনাব মোঃ তাজুল ইসলাম মিঞা,
যুগ্ম জেলা জজ
নির্বাচনি অনুসন্ধান কমিটি, নির্বাচনী এলাকা ৪৭ নওগাঁ-২

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩- ১৬৪ তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ, নওগাঁ
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৮. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ
১০. জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, নির্বাচনী এলাকা ৪৭ নওগাঁ-২
১১. পুলিশ সুপার, নওগাঁ
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী
১৩. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. জেলা নির্বাচন অফিসার, নওগাঁ (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, পত্নীতলা/ ধামইরহাট উপজেলা, নওগাঁ
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নওগাঁ
১৭. উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা/ ধামইরহাট উপজেলা, নওগাঁ
১৮. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২১. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. উপজেলা নির্বাচন অফিসার, পত্নীতলা/ ধামইরহাট উপজেলা, নওগাঁ
২৩. অফিসার ইনচার্জ, পত্নীতলা থানা / ধামইরহাট থানা, নওগাঁ
২৪. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪.০২.২০২৪

(মোঃ আল-আমীন)
সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭